গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফাইন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট উইং
বাংলাদেশ, ঢাকা
১৬, আব্দুল গণি রোড

## ক্যান্টিনের কোটেশন

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর একটি ক্যান্টিন যার আয়তন ২৫৫০ বর্গফুট আগামী ১ (এক) বছরের জন্য মাসিক ভাড়ায় ও এককালীন ৬ (ছয়) মাসের ভাড়া হিসেবে জামানত গ্রহণ করিয়া লিজ প্রদান করা হইবে। প্রকৃত হোটেল ব্যবসায় অভিজ্ঞ ও আর্থিকভাবে স্বচ্ছল ব্যবসায়ীদের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছে। আগামী ০৯/১০/২০১৮খ্রি. তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে দরদাতাগণকে কোটেশন অত্র দপ্তরের রক্ষিত অর্থ ও ক্রয় শাখার সহকারী পরিচালক-২, কক্ষ নং-৪২২, ভবন-১, শিক্ষা ভবন, ঢাকা মহোদয়ের দপ্তরে টেন্ডার বাক্সে দাখিল করিতে হইবে। একই দিনে বেলা ১২.৩০ ঘটিকার সময় কোটেশন দাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

তিন পৃষ্ঠা সম্বলিত দরপত্র/ কোটেশন সিডিউল ও শর্তাবলী শিক্ষা ভবনের বিল্ডিং এর চার তলায় অবস্থিত অর্থ ও ক্রয় শাখার প্রকিউরমেন্ট অফিসার-২, কক্ষ নং-৪০৭, ভবন-১, শিক্ষা ভবন, ঢাকা এর দপ্তর হইতে অফিস সময়ের মধ্যে ২৬/০৯/২০১৮ইং তারিখ হইতে ০৮/১০/২০১৮ইং তারিখ পর্যন্ত প্রতি সেট ৫০০/- (পাঁচশত ) টাকা মূল্যে( অফেরতযোগ্য), বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক হইতে ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- ১২৫০২০১১০৮৭৬২-১৪২২৩২৮ দরপত্র দলিলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকার অনুকূলে জমা প্রদান করিয়া চালানের মূল কপি দাখিল করিয়া অফিস চলাকালীন সময়ে (সকাল ১০.০০ হতে দুপুর ৩.০০ ঘটিকা পর্যন্ত) দরপত্র সিডিউল সংগ্রহ করার আহ্বান করা যাইতেছে । প্রকাশ থাকে যে, শর্তাবলী চুক্তির অংশ হিসেবে গণ্য করা হইবে। কোটেশনের সহিত অস্থায়ী জামানত হিসেবে কোন সিডিউল ব্যাংক হইতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন বরাবরে ৭,০০০/- (সাত হাজার) টাকার ব্যাংক ড্রাফট/ পে -অর্ডার এবং হোটেল ব্যবসা সংক্রান্ত হাল নাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেনসি সার্টিফিকেট, বিগত ০৫ (পাঁচ) বছরের হোটেল/ রেষ্টুরেন্ট পরিচালনায় অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ এর কপি এবং সংযুক্ত খাদ্যের মূল্য তালিকা স্বাক্ষর করিয়া কোটেশন/ দরপত্র এর সহিত দাখিল করিতে হইবে। এই সকল কাগজপত্র ও ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ব্যতীত কোন কোটেশন বিবেচনা করা হইবে না।উল্লেখ্য দরপত্রদাতা ক্যান্টিনের মান সম্পন্ন প্রয়োজনীয় আসবাবপত্র ও আনুষাঙ্গিক জিনিষপত্রের ব্যবস্থা নিশ্চিত করিবে এবং যে মাস থেকে ভাড়া/ লিজ দেওয়া হইবে সে মাস থেকে নিজ দায়িত্বে বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল পরিশোধ করিবে।কর্তৃপক্ষ কোটেশনের সহিত দাখিলকৃত যাবতীয় কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা করিয়া যাহাকে প্রকৃত হোটেল/ রেষ্টুরেন্ট ব্যবসায় অভিজ্ঞ, পারদর্শী ও আর্থিকভাবে স্বচ্ছল বলিয়া গন্য মনে করিবেন কেবলমাত্র তাহাকেই লিজ প্রদানের জন্য বিবেচিত করিতে পারেন। ইহাতে দরপত্র/ কোটেশন দাখিলকারীদের কোন ওজর আপত্তি চলিবে না। কর্তৃপক্ষ যে কোন কোটেশন অথবা সকল কোটেশন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করিবার ক্ষমতা রাখেন।
সংযুক্তঃ- শর্তাবলী ও সিডিউল।

২৭/৯/১৮
(প্রফেসর ড. মোহাম্মদ মোজাম্মেল হোসেন চৌধুরী)
পরিচালক (অর্থ ও ক্রয়)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২৪১০৫০১১৬
স্বাক্ষরিত

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৪.৩৮.১৬০.১৮.২২৫২

তারিখ- ২৭/৯/১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১।পরিচালক, কলেজ ও প্রশাসন/ অর্থ ও ক্রয়/ পরিকল্পনা ও উন্নয়ন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২।.উপ-পরিচালক, সাধারণ প্রশাসন/ অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২। সহকারি পরিচালক, সাধারণ প্রশাসন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪। পরিচালক (অর্থ ও ক্রয়) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা; ক্যান্টিনের দরপত্র/ কোটেশন এর এক সেট এতদসঙ্গে সংযুক্ত করিয়া প্রেরণ করা হইল। তাহাদের স্ব স্ব দপ্তর নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য টানাইয়া দেওয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হইল।
৫। নোর্টিশ বোর্ড।
সংযুক্তঃ- বর্ণনামতে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর একটি ক্যান্টিন আগামী ১ (এক) বছরের জন্য লিজ প্রদান এর

# কোটেশন সিডিউল

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা** এর একটি ক্যান্টিন আগামী ১ (এক) বছরের জন্য মাসিক ভাড়ায় ও এককালীন ৬ ( ছয়) মাসের ভাড়ায় সমপরিমান অর্থ এককালীন জামানত হিসেবে প্রদানকারীকে ১ (এক) বছরের জন্য লিজ প্রদানের কোটেশন সিডিউল।

দরদাতা কর্তৃক উদ্ধৃত সর্বোচ্চ মাসিক ভাড়া টাকা-----------------------------------

কথায়----------------------------------------------------

দরদাতার স্বাক্ষর, তারিখ
দরদাতার নামঃ
প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানাসহ
সিলমোহর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর একটি ক্যান্টিন আগামী ১ (এক) বছরের জন্য লিজ প্রদান এর

# শর্তাবলী।

| | |
|---|---|
| ১. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর একটি ক্যান্টিন যার আয়তন ২৫৫০ বর্গফুট আগামী ১ (এক) বছরের জন্য লিজ প্রদান করা হইবে। তবে সন্তোষজনক ও সফলতার সহিত ক্যান্টিন পরিচালনা করা হইলে, লিজ গ্রহীতার লিখিত চাহিদার ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে লিজ প্রদানের বছরের পরবর্তী তিন বছর পর্যন্ত চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাইতে পারে। |
| ২. | কোটেশন দাতাকে কোটেশনের সহিত জামানত হিসাবে যে কোন সিডিউল ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে ৭,০০০/-(সাত হাজার) টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ডাক বরাবরে জমা দিতে হইবে। গৃহীত কোটেশন দাতার দাখিলকৃত মাসিক ভাড়ার সমপরিমান ৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমান অর্থ ব্যাংক গ্যারান্টি হিসেবে মহাপরিচালক মহোদয়ের অনুকূলে স্থায়ী জামানত হিসাবে এককালীন চুক্তি সম্পাদনের পূর্বে জমা দিতে হইবে। |
| ৩. | গৃহীত দরপত্র/ কোটেশন দাতাকে কোটেশন গ্রহণের তারিখ হইতে অনুর্ধ্ব ১০ (দশ) দিনের মধ্যে দরপত্রের সহিত দাখিলকৃত অস্থায়ী জামানতের ৭,০০০/- (সাত হাজার) টাকা সমন্বয় পূর্বক জামানতের অবশিষ্ট অর্থ কোন সিডিউল ব্যাংক হইতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবরে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দাখিল করিয়া লিজ চুক্তি সম্পাদন করিতে হইবে। ইহাতে ব্যর্থ হইলে দরপত্রের সহিত দাখিলকৃত অস্থায়ী জামানতের ৭,০০০/- (সাত হাজার) টাকা বাজেয়াপ্ত বলিয়া গণ্য হইবে। উল্লেখ্য অকৃতকার্য্য কোটেশনদাতা তাদের দাখিলকৃত অস্থায়ী জামানতের ৭,০০০/- (সাত হাজার) টাকা ফেরত পাবেন। |
| ৪. | লিজ চুক্তি সম্পাদনের তারিখ হইতে অনুর্ধ্ব ১০ (দশ) দিনের মধ্যে লিজ গ্রহীতাকে সম্পূর্ণ নিজ খরচে ক্যান্টিন চালু করিতে হইবে। |
| ৫. | লিজ দাতা ও লিজ গ্রহীতা ইচছা করিলে উভয় পক্ষকে ০৩ (তিন) মাসের অগ্রীম লিখিত নোটিশ প্রদান পূর্বক ক্যান্টিন খালি করিয়া/ ছাড়িয়া দিতে পারিবেন। তবে ন্যয় সংগত কারণ দর্শাইতে হইবে। |
| ৬. | ক্যান্টিনের মাসিক ভাড়া প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে চেক অথবা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর জমা দিতে হইবে। পর পর ০৩ (তিন) মাসের বিল যথাসময়ে পরিশোধ না করিলে কর্তৃপক্ষ ক্যান্টিনে তালা দিয়া ক্যান্টিন বন্ধ করিয়া দিতে পারিবেন। জামানতের অর্থ হইতে বকেয়া বিলের টাকা সমন্বয় করা হইবে। |
| ৭. | ক্যান্টিনে ব্যবহৃত বিদ্যুৎ, পানি ও গ্যাস বিল যথাসময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পরিশোধ করিয়া রশিদ গ্রহণ করিতে হইবে এবং উহার ফটোকপি লিজ দাতার দপ্তরে জমা দিতে হইবে। পর পর ০৩ (তিন) মাসের বিল যথাসময়ে পরিশোধ না করিলে কর্তৃপক্ষ ক্যান্টিনে তালা দিয়া ক্যান্টিন বন্ধ করিয়া দিতে পারিবেন। জামানতের অর্থ হইতে বকেয়া বিলের টাকা সমন্বয় করা যাইবে। |
| ৮. | ক্যান্টিন ব্যতীত অন্য কোন ব্যবসা পরিচালনা করা চলিবে না। রাত্রিকালে ক্যান্টিনে কোন বহিরাগত লোক অবস্থান করিতে পারিবে না। যে সকল কর্মচারী রাত্রিকালে ক্যান্টিনে অবস্থান করিবে তাহাদের নাম ও ঠিকানা সম্বলিত জীবন-বৃত্তান্ত, এনআইডি কার্ডের ফটোকপি ও ছবি মহাপরিচালক মহোদয়ের দপ্তরে জমা দিয়া অনুমোদন করাইয়া নিতে হইবে। |
| ৯. | সকলের অবগতির জন্য ক্যান্টিনের যে কোন দেওয়ালে মূল্য তালিকার বোর্ড ঝুলাইয়া দিতে হইবে। অস্বাভাবিক কোন কারণে খাবারের কোন আইটেমের মূল্য বৃদ্ধি করিতে হইলে যুক্তি সংগত কারণ দর্শাইয়া কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে এবং অনুমোদন গ্রহণ করিতে হইবে। তবে এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। |
| ১০. | ক্যান্টিনে পঁচা/বাসী, অপরিস্কার কিংবা নিম্নমানের কোন খাদ্য সরবরাহ চলিবে না, খাবার নিম্নমানের বলিয়া যুক্তি সংগত আপত্তি উত্থাপন করা হইলে কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। |
| ১১. | রমজান মাসে রোজার পবিত্রতা রক্ষা করার জন্য ক্যান্টিন খোলা রাখা যাইবে না। এ জন্য রমজান মাসের জন্য ভাড়া মওকুফ থাকিবে। |
| ১২. | ক্যান্টিন চলাকালীন ক্যান্টিনের সরবরাহকৃত খাদ্যের গুনগত মান যাচাই করিবার জন্য মহাপরিচালক মহোদয়ের যে কোন প্রতিনিধি অথবা সরকারের অনুমোদিত যে কোন সংস্থা যে কোন সময়ে ক্যান্টিনে প্রবেশ করিয়া পরীক্ষা করিতে পারিবেন। |
| ১৩. | মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে কর্মরত কর্মকর্তাদের জন্য সংরক্ষিত একটি পৃথক কর্ণারের ব্যবস্থা থাকিতে হইবে। |
| ১৪. | কোন কারণে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে ক্যান্টিন বন্ধ রাখা যাইবে না। ক্যান্টিন সকাল হইতে সন্ধ্যা পর্যন্ত খোলা রাখা যাইবে। ক্যান্টিনে ব্যবহৃত বাসন-কোষন, চেয়ার-টেবিল উন্নত মানের ও পরিস্কার পরিচ্ছন্ন হইতে হইবে এবং মেঝে যাতে স্যাঁতস্যাতে না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। উল্লেখ্য বিডার ক্যান্টিনের মানসম্পন্ন প্রয়োজনীয় আসবাবপত্র ও আনুষাঙ্গিক জিনিষপত্রের ব্যবস্থা নিশ্চিত করিবে। |
| ১৫. | লিজ গ্রহীতা ক্যান্টিন এর কোন অংশ সাব-লেট দিতে পারিবেন না এবং বাহিরে সাইন বোর্ড বা লিফলেট লাগানো যাইবে না। |
| ১৬. | ছোটখাট মেরামত/ প্রতিস্থাপন লিজ গ্রহীতা নিজ খরচে করিতে পারিবেন। |
| ১৭. | শর্ত সমূহ যথাযথভাবে প্রতিপালন না করিলে কর্তৃপক্ষ যেকোন সময় লিজ বাতিল করিতে পারিবেন। |